গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৫
www.lawjusticediv.gov.bd

নং-১০.০০.০০০০.১২৯.২৮.০০৪.১৪-৫৭৮

তারিখঃ- ০২ জ্যৈষ্ঠ, ১৪২৪ বঙ্গাব্দ
১৬ মে, ২০১৭ খ্রিস্টাব্দ

**বিষয় ঃ বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ হতে জারিকৃত ০৯ মে, ২০১৭খ্রিঃ তারিখের ১১/২০১৭ এ নং সার্কুলারটি প্রেষণে বা অন্যবিধভাবে নিয়োজিত বিচার বিভাগীয় কর্মকর্তাগণের জন্য প্রযোজ্য না হওয়া প্রসঙ্গে।**

সূত্র ঃ বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের সার্কুলার নং-১১/২০১৭ এ, তারিখঃ-০৯/৫/২০১৭খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সুপ্রীম কোর্ট বিচারিক পদে কর্মরত বিচার বিভাগীয় কর্মকর্তাগণ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, জাতীয় সংসদ সচিবালয়, নির্বাচন কমিশন সচিবালয় বা অন্য কোন কর্তৃপক্ষের অফিসে প্রেষণে বা অন্যবিধভাবে নিয়োগপ্রাপ্ত বিচার বিভাগীয় কর্মকর্তাগণকে সুপ্রীম কোর্টের পরামর্শ ব্যতিরেকে বিদেশ গমন না করার জন্য নির্দেশ প্রদান করেছে। সুপ্রীম কোর্টের পরামর্শ ব্যতিরেকে বিচারিক পদে কর্মরত, প্রেষণে বা অন্যবিধভাবে নিয়োগপ্রাপ্ত বিচার বিভাগীয় কর্মকর্তাগণ বিদেশ গমন করলে এই সার্কুলারে প্রদত্ত আদেশ লংঘনের দায়ে সংশ্লিষ্ট সকলের বিরুদ্ধে বিভাগীয় শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হবে মর্মে উল্লেখ করা হয়েছে।

২। বাংলাদেশ সুপ্রীম কোর্টের ১৪/০২/২০১৬খ্রিঃ তারিখের ১জে-৫১৫-১২০৪ এ নং স্মারক পত্রে বিচার বিভাগীয় কর্মকর্তাগণ সুপ্রীম কোর্ট, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, জাতীয় সংসদ সচিবালয়, নির্বাচন কমিশন সচিবালয় বা অন্য কোন কর্তৃপক্ষের অফিসে প্রেষণে বা অন্যবিধভাবে নিয়োগপ্রাপ্ত হয়ে দায়িত্ব পালনকালে তাঁদের চাকরির শর্তাবলী, বিদেশ গমন ইত্যাদি সকল বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক সুপ্রীম কোর্টের সাথে আবশ্যিকভাবে পরামর্শ গ্রহণের বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হয়।

৩। বাংলাদেশ সুপ্রীম কোর্টের পূর্ববর্ণিত ১৪/০২/২০১৬খ্রিঃ তারিখের ১জে-৫১৫-১২০৪ এ নং স্মারক পত্রের প্রেক্ষিতে অধঃস্তন আদালতের বিচারকগণ প্রেষণে কর্মরত থাকাকালীন সময়ে বিদেশ গমনের ক্ষেত্রে বাংলাদেশ সুপ্রীম কোর্টের পরামর্শ গ্রহণের কোন আবশ্যকতা নেই মর্মে মহামান্য রাষ্ট্রপতির সদয় অনুমোদন গ্রহণ করে অত্র বিভাগের ১১ এপ্রিল, ২০১৬খ্রিঃ তারিখের ১০.০০.০০০০.১২৯ .২৮.০০৪.১৪-৪৮৩নং স্মারকমূলে পত্র জারি করা হয় এবং বাংলাদেশ সুপ্রীম কোর্টকে অবহিত করে উক্ত পত্রের অনুলিপি প্রদান করা হয়। মহামান্য রাষ্ট্রপতির উক্ত অনুমোদনের প্রেক্ষিতে প্রেষণে বা অন্যবিধভাবে কর্মরত অনেক বিচার বিভাগীয় কর্মকর্তা সুপ্রীম কোর্টের পরামর্শ ব্যতিরেকে সরকারি আদেশে বিদেশে গমন করেছেন এবং এখনো বিদেশে গমন করছেন। এতদ্‌সত্বেও মহামান্য রাষ্ট্রপতির অনুশাসন অগ্রাহ্য করে প্রেষণে নিয়োজিত বিচার বিভাগীয় কর্মকর্তাগণের বিদেশ গমন বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে সুপ্রীম কোর্টের পরামর্শ গ্রহণ বাধ্যতামূলক মর্মে বাংলাদেশ সুপ্রীম কোর্ট সূত্রোক্ত সার্কুলার জারি করেছে। উল্লেখ্য, মহামান্য রাষ্ট্রপতির অনুমোদনক্রমে সংশ্লিষ্ট বিষয়ে পত্র জারির পর বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক সূত্রোক্ত সার্কুলারমূলে সুপ্রীম কোর্টের পরামর্শ ব্যতিরেকে প্রেষণ বা অন্যবিধভাবে নিয়োগপ্রাপ্ত বিচার বিভাগীয় কর্মকর্তাগণ বিদেশ গমন করলে তাদের বিরুদ্ধে শৃংখলামূলক ব্যবস্থা গ্রহণের কার্যক্রম গ্রহণ করা হবে মর্মে যে বক্তব্য প্রদান করা হয়েছে তা অশোভন ও অনভিপ্রেত।

৪। এক্ষেত্রে বিশেষভাবে উল্লেখ্য, মহামান্য রাষ্ট্রপতি যে অনুশাসন দিয়েছেন তা প্রজাতন্ত্রের সকল প্রতিষ্ঠানের জন্য বাধ্যতামূলক; ফলে, প্রেষণে বা অন্যবিধভাবে নিয়োগপ্রাপ্ত বিচার বিভাগীয় কর্মকর্তাগণের বিদেশ গমনের বিষয়ে মহামান্য রাষ্ট্রপতির অনুশাসনের বিপরীতে অন্যকোন অনুশাসন বা সার্কুলার কার্যকরি নয়।

৫। এ বিষয়ে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে। ইহা আপনার সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

স্বাঃ
(তৈয়বুল হাসান)
সিনিয়র সহকারী সচিব (প্রশাসন)
ফোন: ৯৫৭৭৪২০
E-mail: section5@ lawjusticediv.gov.bd

রেজিস্ট্রার জেনারেল
বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা
দৃঃ আঃ রেজিস্ট্রার, হাইকোর্ট বিভাগ।

(অঃ পৃঃ দ্রঃ)

নং-১০.০০.০০০০.১২৯.২৮.০০৪.১৪-৫৯৮ তারিখঃ- ০২ জ্যৈষ্ঠ, ১৪২৪ বঙ্গাব্দ
১৬ মে, ২০১৭ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩। সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৪। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
৫। সচিব, দুর্নীতি দমন কমিশন, ঢাকা।
৬। সচিব, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা।
৭। সচিব, বাংলাদেশ কর্মকমিশন সচিবালয়, ঢাকা।
৮। জেলা ও দায়রা জজ.........................................................................(সকল)
৯। মহানগর দায়রা জজ.........................................................................(সকল)
১০। মহা-পরিদর্শক (নিবন্ধন), নিবন্ধন পরিদপ্তর, ঢাকা।
১১। বিভাগীয় বিশেষ জজ.........................................................................(সকল)
১২। বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল..............................(সকল)
১৩। বিচারক(জেলা জজ), জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল......................(সকল)
১৪। বিচারক (জেলা জজ), দ্রুত বিচার ট্রাইব্যুনাল..............................................(সকল)
১৫। সদস্য (জেলা জজ), প্রশাসনিক আপীলাত ট্রাইব্যুনাল, ঢাকা।
১৬। সদস্য (জেলা জজ), প্রশাসনিক ট্রাইব্যুনাল.................................................(সকল)
১৭। সদস্য (জেলা জজ) শ্রম আপীল ট্রাইব্যুনাল, ঢাকা।
১৮। চেয়ারম্যান(জেলা জজ), শ্রম আদালত.........................................................(সকল)
১৯। সদস্য (জেলা জজ), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল.....................(সকল)
২০। বিশেষ জজ.........................................................................(সকল)
২১। বিচারক (জেলা জজ), পরিবেশ আপীল আদালত, ঢাকা।
২২। চেয়ারম্যান (জেলা জজ), প্রথম/দ্বিতীয় কোর্ট অব সেটেলমেন্ট, ঢাকা।
২৩। বিচারক (জেলা জজ), সাইবার ট্রাইব্যুনাল, ঢাকা।
২৪। চেয়ারম্যান (জেলা জজ), নিম্নতম মজুরী বোর্ড, ঢাকা।
২৫। বিচারক (জেলা জজ), স্পেশাল ট্রাইব্যুনাল, সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা।
২৬। সচিব (জেলা জজ), বাংলাদেশ বার কাউন্সিল, ঢাকা।
২৭। সদস্য (জেলা জজ), ট্যাকসেস আপীলাত ট্রাইব্যুনাল, দ্বৈত বেঞ্চ-৫, ঢাকা।
২৮। পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ঢাকা।
২৯। সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ঢাকা।
৩০। রেজিস্ট্রার, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, ঢাকা।
৩১। পরিচালক (প্রশাসন), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা।
৩২। সচিব, আইন কমিশন, ঢাকা।
৩৩। আইন উপদেষ্টা, কাস্টমস হাউজ, চট্টগ্রাম।
৩৪। মাননীয় মন্ত্রী'র একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৩৫। উপ-সচিব (লিগ্যাল), বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, ঢাকা।
৩৬। পরিচালক (অভিযোগ ও তদন্ত), জাতীয় মানবাধিকার কমিশন, ঢাকা।
৩৭। আইন কর্মকর্তা, পুলিশ হেড কোয়ার্টাস, ঢাকা/ আইন কর্মকর্তা, বিজিবি, ঢাকা/ আইন কর্মকর্তা, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
৩৮। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট.........................................................(সকল)
৩৯। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট .........................................................(সকল)
৪০। রেজিস্ট্রার, প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল, ঢাকা।
৪১। রেজিস্ট্রার, পার্বত্য চট্টগ্রাম ভূমি বিরোধ নিষ্পত্তি কমিশন, খাগড়াছড়ি।
৪২। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৪৩। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (অত্র বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

১৬/০৫/২০১৭

(তৈয়বুল হাসান)
সিনিয়র সহকারী সচিব (প্রশাসন)
ফোন: ৯৫৭৭৪২০
E-mail: section5@ lawjusticediv.gov.bd